# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

www.bise-ctg.gov.bd


সংশোধিত

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

স্মারক নম্বরঃ চশিবো/বিদ্যা/বিজ্ঞপ্তি/১০/২০১৩ /৩৯৫৬(২), তারিখ :১৭/০৮/২০২৫

## বিষয়: ২০২৫ সালে ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (e-SIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

অত্র বোর্ডের আওতাধীন পাঠদানের অনুমতি প্রাপ্ত ও স্বীকৃতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে যে, ২০২৫ সালে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তিকৃত অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া নিম্ন বর্ণিত নির্দেশাবলি অনুসরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ( https://esifsix.bise-ctg.gov.bdএই লিংকে প্রবেশ করে) e-SIF পূরণ সম্পন্ন করতে হবে।

## নির্দেশাবলী :

১. শিক্ষার্থীর বয়স রেজিস্ট্রেশনের বছরের ১লা জানুয়ারি তারিখে ন্যূনতম **৯+** এবং সর্বোচ্চ বয়স ১৫ বছর হতে হবে। তবে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২০ বছর হবে।

২. শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দেওয়ার সময় অনলাইন জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী শিক্ষার্থীর নাম, বয়স, জন্ম নিবন্ধন নম্বর, , পিতা মাতার নাম ইংরেজিতে পূরণ করতে হবে।

৩. শিক্ষার্থী ও তাদের পিতা-মাতার নামের পূর্বে Hafez, Kari, Alhaz, Mr. Mrs, Miss, Dr. Prof. ইত্যাদি ধরনের শব্দ ব্যবহার করা যাবে না। শিক্ষার্থীর পিতা মাতার জাতীয় পরিচয় পত্র অনুযায়ী পিতা মাতার নাম এন্ট্রি করতে হবে। সেক্ষেত্রে শিক্ষার্থীর জন্ম নিবন্ধনেও পিতা মাতার নাম একই রকম থাকতে হবে।

৪. অনলাইনে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দেওয়ার সময় ভর্তি রেজিস্ট্রার অনুযায়ী অবশ্যই জন্ম নিবন্ধন নম্বর ও অভিভাবকের সচল মোবাইল নম্বর ইনপুট দিতে হবে। একটি মোবাইল নম্বার ব্যবহার করে শুধুমাত্র ১জন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন করা যাবে।

৫. বোর্ড কর্তৃক সরবরাহকৃত প্রতিষ্ঠানের EIIN ভিত্তিক মোবাইল সিম ব্যবহার করে রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে তবে যে সকল প্রতিষ্ঠান EIIN ভিত্তিক মোবাইল সিম পাননি তারা প্রতিষ্ঠান প্রধানের নামে ব্যবহৃত সীম দিয়ে রেজিস্ট্রেশন কার্যাদি সম্পন্ন করতে পারবেন ।

৬. অনলাইনে ফি জমা (টি.টি) ও তথ্য এন্ট্রি (e-SIF পূরণ)সময়সূচীঃ

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে ফি জমা (টি.টি) ও তথ্য এন্ট্রি (e-SIF পূরণ) তারিখ | ২৪/০৮/২০২৫ - ১১/০৯/২০২৫ |
| | বিলম্বফিসহ অনলাইনে ফি জমা (টি.টি) ও তথ্য এন্ট্রি (e-SIF পূরণ) করার তারিখ | ১৪/০৯/২০২৫ - ২১/০৯/২০২৫ |
| খ) | তথ্য ভুল সংশোধন / এডিট | ২২/০৯/২০২৫ - ২৭/০৯/২০২৫ |

৭. শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর গ্রহণ পূর্বক চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে ।

৮. ফি প্রদান ও eSIF পূরণ :

(ক) শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষবোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে হিসাব নং : SND- 59 সোনালী ব্যাংক বহদ্দারহাট শাখা, চট্টগ্রাম বরাবর নির্ধারিত সময়ে সোনালী ব্যাংকের যে কোনো শাখার মাধ্যমে ( বহদ্দারহাট শাখা, চট্টগ্রাম ব্যতীত) টি.টি করতে হবে। এছাড়াও উক্ত হিসাবের অনুকূলে বিকাশ, রকেট, ইসলামী ব্যাংক, টি- ক্যাশ, শিউর ক্যাশ, নগদ, ডিবিএল নেক্সাস পে, ভিসা, মাস্টার কার্ড ইত্যাদি অনলাইন পেমেন্ট সিস্টেমের মাধ্যমে নির্ধারিত ফি প্রদান করা যাবে।

(খ) রেজিস্ট্রেশন ফি জমা হওয়ার পরই কেবলমাত্র শিক্ষার্থীর তথ্য আপলোডের জন্য এন্ট্রির অপশন পাওয়া যাবে। এন্ট্রিকৃত শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তথ্যের তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে তথ্য যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে ভুল ধরা পড়লে Edit অপশনে ক্লিক করে তথ্য সংশোধন করতে পারবে।

চলমান পাতা-২

৯. রেজিস্ট্রেশন ফি এর হার (শিক্ষার্থী প্রতি) নিম্নরূপঃ

| ক্রমিক | বিবরণ | ফি এর হার |
|---|---|---|
| ০১ | রেজিষ্ট্রেশন ফি | ৫০.০০ টাকা |
| ০২ | রেড ক্রিসেন্ট ফি | ০৮.০০ টাকা |
| ০৩ | স্কাউট ফি | ২৫.০০ টাকা |
| ০৪ | বেসরকারি অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীগণের অবসর ও কল্যাণ ট্রাস্ট তহবিল | ১০০.০০ টাকা |
| ০৫ | বিলম্ব ফি ব্যতিত মোট ফি | ১৮৩.০০ টাকা |
| ০৬ | বিলম্ব ফি | ৫০.০০ টাকা |
| ০৭ | বিলম্ব ফিসহ মোট ফি | ২৩৩.০০ টাকা |

**বি:দ্র:**শিক্ষা মন্ত্রণালয়ের ১৭.১২.২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ স্মারক মোতাবেক ৬ষ্ঠ শ্রেণীর রেজিস্ট্রেশন কার্যক্রমের সময় শিক্ষার্থীদের কাছ থেকে আদায়কৃত ২০/- টাকার ৬০% অর্থাৎ ১২/- টাকা নিজ প্রতিষ্ঠানে (আলাদা রেড ক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য সংরক্ষণ করবে। অবশিষ্ট ৪০% অথবা ০৮/- টাকা চট্টগ্রাম শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৮।৮।২৫

(প্রফেসর মো: আবুল কাসেম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম ।

প্রাপক:
এই বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়ের অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে -

০১ । সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
০২ । পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
০৩ । উপ-পরিচালক (হি: ও নি:) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
০৪ । প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
০৫ । ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি: পিএলসি, বহদ্দারহাট শাখা, চট্টগ্রাম
০৬ । পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
০৭ । অফিস কপি ।